

স্বাধীন

004

u/c

হেলেনা কুলে কী শিখছে

আমি মো: মাজদার হোসেন  
বিশ্বাস (তুফান) ঈশ্বরদী উপ-  
জেলায় অবস্থিত নবজ কুড়ি  
কিওয়ারগাটেন বিদ্যালয়ের ষষ্ঠ  
শ্রেণীর ছাত্র এবং আমার বড় ভাই  
মো: আব হেনা মোস্তফা কামাল  
(তুহিন) ঈশ্বরদী উপজেলায় অব-  
স্থিত সাদা মাজদারী হাইস্কুলের  
নবম শ্রেণীর ছাত্র।

আমার বড় ভাই একদিন  
আমাকে বললেন, আমাকে জিন-  
নের প্যাণ্ট কিনতে ২০০ টাকা  
দিতেই হবে, তা না হলে "আমি  
গলায় দড়ি দিয়ে মরবো"। আমা  
কথাটা শুনে চমকে উঠেছি।  
আম্মা ডেকে বললেন, আমি কিনে  
দেব, কিন্তু বলতো "গলায় দড়ি  
দিয়ে মরবো" কথাটা কোথায়  
শিখেছ? কেন অষ্টম শ্রেণীর  
ইংরেজী বইয়ে আছে, বড় ভাই  
উত্তর দিলেন।

টেবুটবুক বোর্ড প্রকাশিত  
"ইংলিশ ফর টুডে"র (অষ্টম  
শ্রেণীর) ৮৯ পৃষ্ঠা খুললেই দেখতে  
পাবেন, আমার বড় ভাই কিভাবে  
কথাটা শিখেছেন এবং আমিও  
ভবিষ্যতে কথাটা শিখবো।

কয়েকটা লাইন বই থেকে  
তুলে দিলাম। সামান্য ২০০ টাকায়  
একখানা সাইকেল বিক্রি করছে।  
জেতা রহিম।

Rahim : All right  
Samad, I'll take it. Fa-  
ther gave me 20 taka to  
buy my English Gram-  
mar and a khata. I'll  
borrow Kamal's Gram-  
mar. Take this amount  
as advance money.

Samad : What about  
the rest of the money.

Rahim : Don't worry  
I'll manage. I'll get it  
from mother somehow.

Samad : Suppose she  
refuses to give you the  
money.

Rahim : You don't  
know. She will give me  
the money. I'll say to  
mother, "Give me the  
money or I'm going to  
hang myself to night."

What is growing up  
বোধগোষ্ঠে গিয়ে উপরোক্ত Exam-  
ple দেয়া হয়েছে উক্ত বইয়ে।  
আমার কথা হল অন্য ভাবেও  
তো Grown up সম্পর্কে  
বোঝানো যেত। এ বিষয়ে আমি  
সংশ্লিষ্ট কত পক্ষে চিত্রাঙ্কনমা  
করার জন্য দৃষ্টি আকর্ষণ করি-  
তেছি।

মো: মাজদার হোসেন বিশ্বাস  
(তুফান) নবজ কুড়ি কিওয়ার-  
গাটেন, ষষ্ঠ শ্রেণী ঈশ্বরদী,  
পাবনা।

তারিখ ...1.3 JUN.1985... ..

পৃষ্ঠা... ..৫...কলাম... ৬. ...